৪৫ ২৯/৪/২৫
ইনচার্জ
জেলা প্রশাসকের দপ্তর

বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন , ২০০৩ এর ৩৩(৪) ধারার বিধান মোতাবেক

# নিলাম বিজ্ঞপ্তি

## মোকামঃ অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ।

বিজ্ঞ যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ।

অর্থজারী মোকদ্দমা নং-৩৭/২০১৪

সোনালী ব্যাংক লিঃ, ফরেঞ্জ এক্সচেঞ্জ শাখা, থানা ও জেলা- নারায়ণগঞ্জ। উক্ত শাখার পক্ষে ব্যবস্থাপক।

----------ডিক্রীদার।

বনাম

১। মেসার্স মাহজোবা কর্পোরেশন পক্ষে-মোঃ নাজিম উদ্দিন খাঁন, সাং-৪০ এস. এম মালেহ রোড টানবাজার

২। মোঃ নাজিম উদ্দিন খান, পিতা-মৃত হাফেজ আবু সাইদ খান, সাং-চাষাড়া (বালুর মাঠ), পোঃ, থানা ও জেলা-নারায়ণগঞ্জ।

৩(ক) সাহাবউদ্দিন দেওয়ান,

(খ) আঃ সালাম দেওয়ান

(গ) পরনী বিবি

(ঘ) করি বানু @ পরি বিবি, সর্ব পিতা- মৃত ওহাদ আলী, দেওয়ান, সাং-জালকুড়ি, থানা-সিদ্ধিরগঞ্জ, জেলা-নারায়ণগঞ্জ পক্ষে আম-মোক্তার-মোঃ মহিউদ্দিন মিয়া, পিতা-মৃত আঃ হাকিম, সাং- ১৭ নং সনাতন পাল লেন, থানা ও জেলা-নারায়ণগঞ্জ। ----(জামিনদার)

---------দাইক

এতদ্বারা ডিক্রীদারের প্রাপ্য ৭,১২,৯৫,৯০১/-টাকা, ২৩/১/২৫ইং পর্যন্ত সুদ সহ সর্বমোট পাওনা ১২,২৭,৯৫,১২১/- টাকা নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদী আদায়ের নিমিত্তে অর্থ ঋণ আদালত, নারায়ণগঞ্জ এর এজলাসে রক্ষিত নিলামের টেন্ডার বাক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ০২/০৭/২৫ ইং তারিখে নিলাম বিক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত টেন্ডার আহ্বান করা যাইতেছে।

নিলামের শর্ত

১। আগামী ০২/০৭/২৫ ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রত্যেক দরদাতাকে উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ জজ অর্থঋণ আদালত নারায়ণগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরদাতা অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ..................... ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবেন।

১০। কৃতকার্য দরদাতার অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১১। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

<u>তপছিল</u>

জেলা নারায়ণগঞ্জ, থানা-সিদ্ধিরগঞ্জ, মৌজা- জালকুড়ি, জে. এল নং- সাবেক ২০২, হালে- ১২৫৮

| খতিয়ান নং | দাগ নং | রকম | পরিমাণ |
|---|---|---|---|
| সি. এস ৮৯<br>এস. এ ২৩৭<br>আর এস ৪১৫<br>নামজারী ৮৫৬৮ | ২০৫৭ সি এস ও এস এ<br>৪৯৭৬ আর এস | নাল | ৩৭.৫০<br>শতাংশ |

আদেশক্রমে

সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত,
নারায়ণগঞ্জ

অর্থঋণ আদালত
নারায়ণগঞ্জ